গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.lgd.gov.bd)

স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০৪৬.২৬.০৪৬.১২-৬৪২

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১ / ২৬ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়: কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলার ইউনিয়ন পরিষদের কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধের অনুমতি প্রদানের লক্ষ্যে তথ্য প্রেরণ।**

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চর রাজিবপুর, কুড়িগ্রাম এর স্মারক নং-৬৬৮; তারিখ: ১৪ আগস্ট ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলার ০৩ (তিন) ইউনিয়ন পরিষদের কর্মচারীদের (ইউপি সচিব, হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর ও ২২ জন গ্রামপুলিশ) বেতন-ভাতাদি বাবদ সর্বমোট ১২,৮৬,৮১৪/- (বার লক্ষ ছিয়াশি হাজার আটশত চৌদ্দ) টাকা হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ থেকে পরিশোধের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। কিন্তু উক্ত প্রস্তাবের সাথে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ করা হয়নি।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগ থেকে ০১ জানুয়ারি ২০২৪ তারিখে ০৫ নম্বর স্মারকে উল্লিখিত কর্মচারীদের বেতন-ভাতাসহ অন্যান্য ভাতাদি বাবদ ১৯,৭২,২২৫/- (উনিশ লক্ষ বাহাত্তর হাজার দুইশত পঁচিশ) টাকা পরিশোধের অনুমতি প্রদানের পর পুনরায় একই কর্মচারীদের অনুকূলে ১২,৮৬,৮১৪/- (বার লক্ষ ছিয়াশি হাজার আটশত চৌদ্দ) টাকা পরিশোধের বিষয়ে স্পষ্টীকরণ এবং প্রস্তাবিত অর্থ কোন অর্থবছরের পাওনা রয়েছে, সে বিষয়ে বিস্তারিত ব্যাখ্যাসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মো: আকবর হোসেন
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম;
ও
উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

অনুলিপি-সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম;
০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৪। যুগ্মসচিব (উপজেলা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
০৫। অফিস কপি।